



ঢাকা বিশ্বের দ্বিতীয় বৃহৎ শহর হিসেবে শীর্ষে



সংগৃহীত ছবি

রাজধানী ঢাকার জনসংখ্যা ও বিস্তৃতি দ্রুত বৃদ্ধি পাচ্ছে। বিশ্বের অন্যান্য শহরের তুলনায় ঢাকায় মানুষের চলাচল বেশি হওয়ায় এটি নবম স্থান থেকে উঠে এসেছে বিশ্বের দ্বিতীয় বৃহৎ শহর হিসেবে। বিশেষজ্ঞদের মতে, আগামী ২০৫০ সালের মধ্যে ঢাকা বিশ্বের সবচেয়ে বড় শহর হওয়ার সম্ভাবনা রয়েছে। (সূত্র: আল জাজিরা) জাতিসংঘের ‘ওয়ার্ল্ড আর্বালাইজেশন প্রসপেক্ট ২০২৫’ প্রতিবেদনে বলা হয়েছে, বর্তমানে ঢাকায় বসবাস করছেন প্রায় ৩ কোটি ৬৬ লাখ মানুষ। বিশ্বের সবচেয়ে বড় শহর বর্তমানে ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তা (৪ কোটি ১৯ লাখ মানুষ), আর তৃতীয় স্থানে আছে জাপানের টোকিও (৩ কোটি ৩৪ লাখ)।

বর্তমানে বিশ্বের মেগাসিটির সংখ্যা ৩৩, যেখানে ১ কোটি বা তার বেশি মানুষ বসবাস করেন। ১৯৭৫ সালে এই সংখ্যা ছিল মাত্র ৮। এদের মধ্যে ১৯টি শহর এশিয়ায়, এবং শীর্ষ ১০ মেগাসিটির ৯টি এশিয়ায় অবস্থিত। যেমন: ভারতের নয়াদিল্লি (৩ কোটি ২ লাখ), চীনের সাংহাই (২ কোটি ৯৬ লাখ), গুয়াংজু (২ কোটি ৭৬ লাখ), ফিলিপাইনের মানিলা (২ কোটি ৪৭ লাখ), ভারতের কলকাতা (২ কোটি ২৫ লাখ) এবং দক্ষিণ কোরিয়ার সিউল (২ কোটি ২৫ লাখ)।

এশিয়ার বাইরে শীর্ষ ১০ মেগাসিটি-এর মধ্যে আছে কেবল মিসরের রাজধানী কায়রো (৩ কোটি ২০ লাখ)। আমেরিকায় সবচেয়ে বড় শহর সাও পাওলো (১ কোটি ৮৯ লাখ) এবং সাব-সাহারান আফ্রিকায় সবচেয়ে বড় শহর লাগোস।

জাতিসংঘের বিশ্লেষণ অনুযায়ী, ঢাকার জনসংখ্যা দ্রুত বাড়ার মূল কারণ হলো প্রত্যন্ত অঞ্চল থেকে শহরে অভিবাসন, যেখানে মানুষ কাজের সন্ধান বা প্রাকৃতিক বিপর্যয় ও সমুদ্রস্তর বৃদ্ধির ঝুঁকি এড়িয়ে ঢাকায় আসছেন।